

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

ওয়াসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website: www.dwasa.org.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.২১১.০০.১৬.০৭৯.২০১৩-৭৫৩

তারিখঃ- ১৩/০৫/২০১৮

বিষয় :- গৃহ নির্মাণ অগ্রিম ঋণ মঞ্জুরী আদেশ।

ঢাকা ওয়াসার গৃহ নির্মাণ অগ্রিম ঋণ খাত হতে বিশেষ বিবেচনায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে অত্র সংস্থার শ্রম ও কল্যাণ বিভাগ-এর লাইব্রেরী শাখার লাইব্রেরীয়ান বেগম হোসনে আরা খাতুন এর অনুকূলে গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা-২০১০ এর অনুমোদিত ৩য় ধাপের ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকার সিলিং হতে ১ম কিস্তির ৭৫% অর্থাৎ ৬,৭৫,০০০/- (ছয় লক্ষ পঁচাত্তর হাজার) টাকা নিম্নবর্ণিত শর্ত এবং গৃহ নির্মাণ অগ্রিম ঋণ প্রদান সংক্রান্ত গঠিত কমিটির ভূতাপেক্ষ অনুমোদন সাপেক্ষে ঋণ মঞ্জুর করা হলো :-

শর্তাবলী :

- ০১। প্রদত্ত অগ্রিমের উপর পরিবর্তনশীল ব্যাংক রেট (বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে নির্ধারণকৃত এবং যা বর্তমানে ৫%) অর্থাৎ যে হারে ব্যাংক রেট থাকে সে হারে বার্ষিক সরল সুদ ধার্য করা হবে।
- ০২। মঞ্জুরীকৃত অর্থ বিতরণের পূর্বে অগ্রিম গ্রহনকারী কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত জামিন নামা গ্রহন করে অগ্রিম প্রদান করা হবে এবং অধিক নিশ্চয়তা বিধানের জন্য ঢাকা ওয়াসার একজন স্থায়ী কর্মকর্তা/কর্মচারীর (মঞ্জুরী লাভকারীর অন্ততঃ দুই ধাপের বেশী নীচে নয়) নিকট হতে নির্ধারিত ফরমে অর্থাৎ উপযুক্ত (৩০০/- টাকা মূল্যমানের) নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর জামিননামা প্রদান পূর্বক প্রশাসন বিভাগ-১ এ জমা দিতে হবে।
- ০৩। বাড়ী ভাড়া ভাতা/সিলিং কর্তন এর আওতায় একজন নিয়মিত কর্মকর্তা/কর্মচারীকে গৃহ নির্মাণ অগ্রিম প্রদানের পরবর্তী মাস হতে বাড়ী ভাড়া ভাতা/সিলিং কর্তন শুরু হবে। কর্তনের মাধ্যমে আদায়কৃত টাকা প্রথমে আসলে এবং পরবর্তীতে সুদে সমন্বয় করা হবে। বাড়ী ভাড়া ভাতা/সিলিং পরিবর্তনের সাথে সাথে কর্তনের পরিমাণও স্বাভাবিকভাবেই পরিবর্তিত হবে।
- ০৪। যে সকল কর্মকর্তা/কর্মচারী ঢাকা ওয়াসার নির্মিত কোয়ার্টারে থাকেন তারা স্কীমের আওতায় গৃহ নির্মাণ অগ্রিম গ্রহণ করলে তাঁদের ক্ষেত্রে স্বাভাবিক নিয়মে কর্তনকৃত বাড়ী ভাড়া ভাতা/সিলিং ও অতিরিক্ত ৭.৫% বা ৫% (যাহার ক্ষেত্রে যেইটি প্রযোজ্য) কর্তনের পর অবশিষ্ট বেতন হতে প্রাপ্য বাড়ী ভাড়ার সমপরিমাণ অর্থ গৃহ নির্মাণ অগ্রিমের কিস্তি হিসেবে কর্তন করতে হবে।
- ০৫। যদি কোন কারণে এর পরও কোন অগ্রিম ঋণ অসমন্বিত থাকে তবে তা মাসিক কিস্তিতে অথবা এককালীন আদায়যোগ্য হবে এবং অগ্রিমের টাকা আদায় না হওয়া পর্যন্ত ঢাকা ওয়াসার সাথে অগ্রিম গ্রহনকারীর সম্পাদিত চুক্তি বলবৎ থাকবে।
- ০৬। প্রথম ধাপে ঋণের ৭৫% টাকা এবং ২য় ধাপে গৃহ নির্মাণ/জমি ক্রয় ইত্যাদির কাগজপত্র/অর্থ খরচের যথাযথ হিসাব প্রদান সাপেক্ষে অবশিষ্ট ২৫% টাকা প্রদান করা হবে।
- ০৭। চাকুরীর মেয়াদকালে সমুদয় ঋণের টাকা আদায় করা সম্ভব না হলে গ্র্যাচুইটি হতে এককালীন আদায় করা হবে। গ্র্যাচুইটি হতে আদায়ের পরও বকেয়া থাকলে অগ্রিমের অপরিশোধিত অর্থ উক্ত কর্মকর্তা/কর্মচারীর পেনশন/পারিবারিক পেনশন হতে কর্তন হবে।
- ০৮। মঞ্জুরীকৃত টাকা হতে গৃহ নির্মাণ অগ্রিম খাতের পূর্বের ঋণের আসল ও সুদ (যদি থাকে) অর্থাৎ গৃহ নির্মাণ ঋণ বাবদ কর্তৃপক্ষের সমুদয় পাওনা কর্তন সাপেক্ষে পরিশোধ করতে হবে।
- ০৯। এ মঞ্জুরী পত্রের মেয়াদকাল মঞ্জুরীর তারিখ হতে ১(এক) বছর বলবৎ থাকবে।
- ১০। গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা-২০১০ এর অন্যান্য সকল শর্ত বলবৎ রেখে ১ম কিস্তিতে ৭৫% ভাগ অর্থাৎ ৬,৭৫,০০০/- (ছয় লক্ষ পঁচাত্তর হাজার) টাকা প্রদানের মঞ্জুরী প্রদান করা হ'ল।
- ২। এ মঞ্জুরীকৃত অর্থ ২০১৭-২০১৮ অর্থ বৎসরের সংশোধিত বাজেটে গৃহ নির্মাণ অগ্রিম ঋণ খাতের বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

স্বাক্ষরিত/-

(এস, এম, রেজাউল মোস্তফা কামাল)

সচিব

ঢাকা ওয়াসা।

ফোন : ৯১১০১৬৪

তারিখঃ- ১৩/০৫/২০১৮

স্মারক নং-৪৬.১১৩.২১১.০০.১৬.০৭৯.২০১৩-৭৫৩ (২০)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ০১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন / অর্থ), ঢাকা ওয়াসা।
- ০২। উইরেস্টর (উন্নয়ন / টেকনিক্যাল), ঢাকা ওয়াসা।
- ০৩। বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
- ০৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা (ক্যাশ চেক প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। আইন কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
- ০৬। উপ-সচিব, ঢাকা ওয়াসা।
- ০৭। উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা, অভ্যন্তরীণ অডিট বিভাগ, ঢাকা ওয়াসা।
- ০৮। সহকারী সিস্টেম এনালিস্ট (এম আই এস), কম্পিউটার সেন্টার, ঢাকা ওয়াসা (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৯। বেগম হোসনে আরা খাতুন, লাইব্রেরীয়ান, শ্রম ও কল্যাণ বিভাগ, ঢাকা ওয়াসা।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক এর ব্যক্তিগত সহকারী, ঢাকা ওয়াসা (ব্যবস্থাপনা পরিচালক এর সদয় অবগতির জন্য)।
- ১১। রেকর্ড কিপার, সচিবালয়, ঢাকা ওয়াসা।
- ১২। পিআইএমএস সেল, প্রশাসন বিভাগ-২, ঢাকা ওয়াসা।
- ১৩। অফিস কপি।

সচিব

ঢাকা ওয়াসা।